# আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ০২ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 02 November 2025

নমস্কার পরীক্ষার্থীরা। প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য রইল ২রা নভেম্বর, ২০২৫ তারিখের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স। আমরা প্রতিটি প্রশ্নের সাথে সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যগুলিও আলোচনা করব, যা আপনাদের প্রস্তুতিতে বিশেষভাবে সাহায্য করবে।

## আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স: ২ নভেম্বর ২০২৫

## ১. বিশ্ব নিরামিষ দিবস (World Vegan Day)

- কবে পালিত হয়: প্রতি বছর ১লা নভেম্বর বিশ্ব নিরামিষ দিবস পালিত হয়।
- উদ্দেশ্য: নিরামিষ জীবনধারার (Vegan lifestyle) গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- বিশেষ তথ্য: ভেগান (Vegan) এবং ভেজিটেরিয়ান (Vegetarian) এর মধ্যে মূল পার্থক্য হলো, ভেগান খাবারে দুধ বা দুধ থেকে তৈরি কোনো পণ্য অন্তর্ভুক্ত থাকে না, কিন্তু ভেজিটেরিয়ান খাবারে এগুলি অন্তর্ভুক্ত থাকে।

## ২. সাম্প্রতিক গুরুত্বপূর্ণ নিয়োগ

- রাজকুমার অরোরা প্রতিরক্ষা পরিষেবার আর্থিক উপদেষ্টা (Financial Advisor, Defence Services) হিসেবে কার্যভার গ্রহণ করেছেন।
- অন্যান্য সাম্প্রতিক নিয়োগ:
  - সমীর সাক্সেনা: দক্ষিণ নৌসেনা কমান্ডের প্রধান (Flag Officer Commanding-in-Chief)
  - রঞ্জনা প্রকাশ দেশাই: অষ্টম বেতন কমিশনের (8th Pay Commission) চেয়ারপার্সন।
  - বিচারপতি সূর্যকান্ত: ভারতের ৫৩তম প্রধান বিচারপতি (CJI) হিসেবে মনোনীত।
  - ড্যাম সারা মুল্যলি: চার্চ অফ ইংল্যান্ডের নেতৃত্বদানকারী প্রথম মহিলা।
  - শান্তা রাঙ্গাস্বামী: ইন্ডিয়ান ক্রিকেটার্স অ্যাসোসিয়েশনের প্রথম মহিলা সভাপতি।
  - কার্তিক নারায়ণ: গুগল ক্লাউডের চিফ প্রোডাক্ট অফিসার (CPO) হিসেবে যোগদান করেছেন।
  - আক্কাই পদ্মশালী: সুপ্রিম কোর্ট কমিটির প্রথম রূপান্তরকামী সদস্য।

## ৩. ইউনেস্কোর ক্রিয়েটিভ সিটি অফ গ্যাস্ট্রোনমি

- ভারতের লখনউ শহর ইউনেস্কোর 'ক্রিয়েটিভ সিটি অফ গ্যাস্ট্রোনমি' (Creative Cities of Gastronomy) তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে।
- কারণ: লখনউ তার বিখ্যাত 'অবধি' (Awadhi) রন্ধনশৈলীর ঐতিহ্যের জন্য এই স্বীকৃতি পেয়েছে।
- গুরুত্বপূর্ণ তথ্য: হায়দ্রাবাদের পর লখনউ ভারতের দ্বিতীয় শহর যা এই তালিকায় স্থান পেল। লখনউ গোমতী নদীর তীরে অবস্থিত।

## ৪. ফিডে দাবা বিশ্বকাপের ট্রফির নামকরণ

- ফিডে (FIDE) দাবা বিশ্বকাপের ট্রফির নাম পরিবর্তন করে ভারতের প্রথম গ্র্যান্ডমাস্টার বিশ্বনাথন আনন্দের নামে রাখা হয়েছে।
- এই ট্রফিটি সম্প্রতি গোয়ার পাঞ্জিতে উন্মোচন করা হয়।

## ৫. পুদুচেরি মুক্তি দিবস

- ১লা নভেম্বর পুদুচেরি মুক্তি দিবস পালিত হয়।
- প্রেক্ষাপট: ১৯৫৪ সালের ১লা নভেম্বর পুদুচেরি ১৩৮ বছরের ফরাসি শাসন থেকে মুক্তি লাভ করে। এই দিনটিকে স্মরণীয় করে রাখতেই দিবসটি পালিত হয়।
- সম্পর্কিত তথ্য: গোয়া মুক্তি দিবস পালিত হয় ১৯শে ডিসেম্বর (১৯৬১ সালে গোয়া পর্তুগালের শাসন থেকে মুক্ত হয়)।

## ৬. বিভিন্ন রাজ্যের প্রতিষ্ঠা দিবস

- ১লা নভেম্বর তারিখটি ভারতের পাঁচটি রাজ্যের প্রতিষ্ঠা দিবস হিসেবে পালিত হয়। রাজ্যগুলি হলো:
    - কেরালা (১৯৫৬)
    - কর্ণাটক (১৯৫৬)
    - মধ্যপ্রদেশ (১৯৫৬)
    - ছত্তিশগড় (২০০০)
    - হরিয়ানা (১৯৬৬)

## ৭. আয়নি এয়ারবেস

- ভারত তাজিকিস্তানে অবস্থিত আয়নি এয়ারবেসে তার কার্যক্রম আনুষ্ঠানিকভাবে বন্ধ করে দিয়েছে।
- তাজিকিস্তান: রাজধানী – দুশানবে; মুদ্রা – তাজিকিস্তানি সোমোনি; রাষ্ট্রপতি – ইমোমালি রহমান।

## ৮. কর্ণাটক রাজ্যোৎসব পুরস্কার

- প্রবীণ প্রত্নতত্ত্ববিদ রবীন্দ্র কোরি সেট্টার কর্ণাটকের রাজ্যোৎসব পুরস্কারের (Rajyotsava Award) জন্য নির্বাচিত হয়েছেন।
- কর্ণাটক সম্পর্কিত তথ্য:
    - রাজধানী: বেঙ্গালুরু।
    - মুখ্যমন্ত্রী: সিদ্দারামাইয়া।
    - ভারতে সর্বাধিক হাতির সংখ্যা কর্ণাটকে।
    - ভুট্টা, নারকেল এবং কফি উৎপাদনে কর্ণাটক প্রথম স্থানে রয়েছে।
    - বিখ্যাত বাঁধ: আলমাত্তি বাঁধ (কৃষ্ণা নদী) এবং কৃষ্ণ রাজ সাগর বাঁধ (কাবেরী নদী)।
    - জাতীয় উদ্যান: বন্দিপুর, আনশি, নাগরহোল, বানেরঘাট্টা এবং কুদ্রেমুখ।

## ৯. ইন্টারন্যাশনাল সোশ্যাল সিকিউরিটি অ্যাসোসিয়েশন পুরস্কার ২০২৫

- ভারত মর্যাদাপূর্ণ ইন্টারন্যাশনাল সোশ্যাল সিকিউরিটি অ্যাসোসিয়েশন (ISSA) পুরস্কার ২০২৫ জিতেছে।
- ভারত সম্পর্কিত সাম্প্রতিক তথ্য:
    - হেনলি পাসপোর্ট ইনডেক্স ২০২৫: ভারতের স্থান ৮৫তম (প্রথম স্থানে সিঙ্গাপুর)।
    - সাক্ষরতার হার: বেড়ে দাঁড়িয়েছে ৮০.৯%।
    - রামসার সাইট: মোট সংখ্যা বেড়ে হয়েছে ৯৩টি।
    - ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ইনডেক্স: ভারতের স্থান ১৫১তম (প্রথম স্থানে নরওয়ে)।

    ○ গ্লোবাল হাঙ্গার ইনডেক্স ২০২৫: ভারতের স্থান ১০২তম।
    ○ সড়ক নেটওয়ার্কের ক্ষেত্রে ভারত বিশ্বে দ্বিতীয় স্থানে রয়েছে।

## ১০. প্রয়াত ম্যানুয়েল ফ্রেডরিক

- ম্যানুয়েল ফ্রেডরিক, যিনি ৭৮ বছর বয়সে প্রয়াত হয়েছেন, তিনি একজন প্রখ্যাত হকি গোলকীপর ছিলেন।

## ১১. টেনিস থেকে অবসর

- দুইবারের গ্র্যান্ড স্ল্যাম বিজয়ী ভারতীয় টেনিস তারকা রোহন বোপান্না পেশাদার টেনিস থেকে অবসরের ঘোষণা দিয়েছেন।

## ১২. ছত্তিশগড়ের নতুন বিধানসভা ভবন

- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছত্তিশগড়ে রাজ্যের নতুন বিধানসভা ভবনের উদ্বোধন করেছেন।
- এই উপলক্ষে তিনি বিধানসভা ভবনে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর মূর্তিও উন্মোচন করেন।
- ছত্তিশগড় সম্পর্কিত তথ্য:
    - রাজধানী: রায়পুর।
    - মুখ্যমন্ত্রী: বিষ্ণুদেও সাই।
    - ছত্তিশগড়ের বালোদ জেলা ভারতের প্রথম সরকারিভাবে বাল্যবিবাহ মুক্ত জেলা হিসেবে ঘোষিত হয়েছে।

## ১৩. শান্তি শিখর মেডিটেশন সেন্টার

- প্রধানমন্ত্রী মোদী রায়পুরে ব্রহ্মাকুমারীদের 'শান্তি শিখর' নামক একটি মেডিটেশন সেন্টারের উদ্বোধন করেছেন।

## ১৪. 'বিমান' (VIMAN) যোজনা

- ওড়িশা সরকার বিমান চলাচল ক্ষেত্রকে উৎসাহিত করতে 'বিমান' (VIMAN – Visionary Initiative for Aviation Modernisation and Networking) যোজনা অনুমোদন করেছে।
- উদ্দেশ্য: ওড়িশাকে পূর্ব ভারতের একটি প্রধান বিমান চলাচল কেন্দ্রে পরিণত করা।
- ওড়িশা সম্পর্কিত তথ্য:
    - রাজধানী: ভুবনেশ্বর।
    - মুখ্যমন্ত্রী: মোহন চরণ মাঝি।
    - বিখ্যাত হ্রদ: চিলকা হ্রদ (ভারতের বৃহত্তম লবণাক্ত জলের হ্রদ)।
    - বিখ্যাত মন্দির: লিঙ্গরাজ মন্দির, কোণার্ক সূর্য মন্দির এবং জগন্নাথ মন্দির।

## ১৫. ভারতীয় নৌসেনার চিফ অফ পার্সোনেল

- গুরুচরণ সিং ভারতীয় নৌসেনার চিফ অফ পার্সোনেল (Chief of Personnel) হিসেবে নিযুক্ত হয়েছেন।